খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।

| | | |
|---|---|---|
| বিষয় | : | কেডিএ'র নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ৩য় কোয়ার্টার (জানুয়ারি- মার্চ/ ২০২৩) সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল এস এম মিরাজুল ইসলাম, এএফডব্লিউসি, পিএসসি, চেয়ারম্যান, কেডিএ, খুলনা। |
| সভার স্থান | : | কেডিএ সম্মেলন কক্ষ। |
| তারিখ | | ১৩ মার্চ, ২০২৩ । |
| সময় | : | বেলা ০২:০০ ঘটিকা। |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-**'ক'**। |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর মন্ত্রণালয়ে প্রেরিত কেডিএ'র ২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার পরিবীক্ষণ কাঠামোর প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। সে অনুযায়ী ৩য় কোয়ার্টার (জানুয়ারি- মার্চ/ ২০২৩) সভার কার্যক্রম শুরু করার জন্য সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করেন। সে আলোকে সভার কার্যক্রম শুরু হয়।

আলোচ্যসুচী অনুযায়ী কেডিএ'র ২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার পরিবীক্ষণ কাঠামোতে বর্ণিত ৩য় কোয়ার্টার (জানুয়ারি- মার্চ/ ২০২৩) কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় । বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | কেডিএ'র নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর/২০২২) সভার সিদ্ধান্ত সমূহের ক্রমিক নং-২,৩,৪,৫,৬,৭,৮,৯,১০,১১,১২ ও ১৩ বাস্তবায়ন নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হলো। | বাস্তবায়ন সংশ্লিষ্ট শাখা ও কর্মকর্তাবৃন্দ। |
| ২. | স্টেক হোল্ডারগণের সাথে সভা। | ২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার কার্যক্রম ১.৩ এর বিষয়ে সভায় আলোচনা কালে প্রধান প্রকৌশলী মহোদয় সভাকে জানান যে ইতোমধ্যে বাস টার্মিনালের মালিক সমিতি , নিউ মাকেটের দোকান মালিক সমিতি , বিভিন্ন পেশাজীবি সংগঠন ও বিভিন্ন সরকারি দপ্তরের সভা অনুষ্ঠিত হয়েছে । উক্ত সভা সমূহের কার্যবিবরণী ও সভার হাজিরা অবিলম্বে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সভাপতি মহোদয় সিদ্ধান্ত প্রদান করেন ।<br>( **প্রমাণকঃ** সভার কার্যবিবরণী ও সভার হাজিরা ) | সিনিয়র বৈষয়িক অফিসার<br>ও<br>পরিকল্পনা অফিসার |
| ৩. | কর্ম-পরিবেশউন্নয়ন (নথি বিনষ্টকরণ ) | সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর ৯০ নং অনুচ্ছেদের নির্দেশনা মতে 'ক' 'খ' , 'গ' ও 'ঘ' শ্রেণিভুক্ত কেডিএ'র দাপ্তরিক নথি/রেকর্ড সমুহের মধ্যে যে সকল নথি/রেকর্ড সংরক্ষণের সময়সীমা অতিক্রান্ত হয়েছে সে গুলি বিনষ্টের যাবতীয় কার্যক্রম গ্রহণ করার জন্য প্রশাসন ও সাধারণ শাখার অধীনে সকল শাখার সমন্বয়ে কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলো ।<br>( **প্রমাণকঃ** কমিটি গঠনের আদেশ) | সহকারী পরিচালক ( প্রশাসন) |
| ৪. | অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার বাস্তবায়ন। | ২০২২-২০২৩ অর্থ বছরে কেডিএ'র প্রকল্পসমূহের / ক্রয়কারী শাখার বার্ষিক ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে আপলোড করা হয়েছে । সে মোতাবেক বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের জন্য | প্রকল্প পরিচালকবৃন্দ, নির্বাহী প্রকৌশলী ( প্রকল্প) ও ক্রয়কারী |

| ক্রমিক | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | সংশ্লিষ্ট সকলের উদ্যোগী হওয়ার এবং বাস্তবায়ন করে প্রমাণক নৈতিকতা কমিটির নিকট প্রেরণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। **(প্রমাণকঃ** নৈতিকতা কমিটির সভাপতি কর্তৃক প্রতিস্বাক্ষরিত ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন প্রতিবেদন) | সকল শাখা |
| ৫. | বাজেট বাস্তবায়ন। | কেডিএ'র ক্রয়কারী শাখার সমূহের এবং প্রকল্পের অনুমোদিত বাজেটের লক্ষ্যমাত্রার বিপরীতে বাজেট বাস্তবায়নের বিষয়ে প্রকল্প শাখা ও স্ব স্ব শাখার বাস্তবায়ন প্রতিবেদন এবং হিসাব রক্ষণ শাখা কর্তৃক সমন্বিত বাস্তবায়ন প্রতিবেদন নৈতিকতা কমিটির নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। **(প্রমাণকঃ** বাজেট বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন) | প্রকল্প পরিচালকবৃন্দ, অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা নির্বাহী প্রকৌশলী ( প্রকল্প) এবং ক্রয়কারী সকল শাখা |
| ৬. | প্রকল্পের PIC সভা আয়োজন। | ২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার কার্যক্রম ২.৪ এর লক্ষ্যমাত্রার বিপরীতে প্রতি কোয়ার্টারে নির্ধারিত সময়ের মধ্যে PIC সভা করে প্রমাণক নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করার জন্য পুনরায় সিদ্ধান্ত গৃহীত হলো। ( **প্রমাণকঃ** আয়োজিত সভার কার্যবিবরণী ও হাজিরা) | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী (প্রকল্প) |
| ৭. | সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | দপ্তর/সংস্থাসমূহে সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য সরকারি অনুশাসন পালনের নিমিত্তে যানবাহন ব্যবহার রেজিস্টার সংরক্ষণ করে প্রশাসন ও সাধারণ শাখা থেকে নৈতিকতা কমিটির নিকট প্রত্যয়ন পত্র প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। **(প্রমাণকঃ** প্রতিস্বাক্ষরিত প্রত্যয়ন পত্র) | সহকারী পরিচালক ( প্রশাসন) |
| ৮. | অনলাইনে ভুমি ব্যবহারের ছাড়পত্র প্রদান। | অনলাইনে ভূমি ব্যবহারের ছাড়পত্র প্রদান শতভাগ নিশ্চিত করার এবং ছাড়পত্র নিষ্পন্ন না হলে অনিষ্পন্নের কারণসহ কেসওয়াইজ কোয়ার্টার ভিত্তিক প্রতিবেদন নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। **(প্রমাণকঃ** ছাড়পত্র প্রদানের অনলাইন প্রতিবেদন, ছাড়পত্র প্রদানের নমুনা ,অনিষ্পন্নের কারণসহ কেসওয়াইজ প্রতিবেদন) | পরিকল্পনা অফিসার |
| ৯. | প্লটের হিসাব বিবরণী সফটওয়ারের মাধ্যমে ব্যবস্থাপনা। | কেডিএর প্লটের হিসাব বিবরণী ১০০% সফটওয়ারের মাধ্যমে প্রস্তত এবং বৈষয়িক শাখার যাবতীয় কার্যাবলী স্টেট ম্যানেজমেন্ট সফটওয়ার এর মাধ্যমে সম্পন্ন ও সংরক্ষণের অগ্রগতি নৈতিকতা কমিটির সভাপতিকে অবহিত করণের সিদ্ধান্ত গৃহীত হলো। **(প্রমাণকঃ** প্লটের হিসাব বিবরণী সফটওয়ারের মাধ্যমে প্রণয়নের নমুনা ও প্রতিবেদন ) | পরিচালক (এস্টেট) |
| ১০. | সেবা সংক্রান্ত তথ্যের বহুল প্রচার। | কেডিএ'র ইমারত নির্মাণ বিধিমালাসহ নগর পরিকল্পনা ও ইমারত নির্মাণ সংশ্লিষ্ট আইনকানুন বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে বিগত বছরে বিভিন্ন মসজিদের সম্মানীত ইমামদের সাথে অনুষ্ঠিত সভার ন্যায় এবছরেও একটি সভার করার জন্য ইমাম পরিষদের সাথে যোগাযোগ করে আরেকটি সভা আয়োজনের জন্য পরিকল্পনা অফিসারকে দায়িত্ব প্রদানের এবং কেডিএ'র সেবা প্রদানের সকল বিষয়ে সেবা গ্রহীতা ও নাগরিকগণকে ধারণা প্রদানের জন্য ইতোমধ্যে গৃহীত প্রচারমূলক পদক্ষেপের ব্যপকতা প্রতিষ্ঠা করতে হবে মর্মে | সিনিয়র বৈষয়িক অফিসার, অথরাইজড অফিসার ও পরিকল্পনা অফিসার |

| ক্রমিক | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | সিদ্ধান্ত গৃহীত হলো। **(প্রমাণকঃ** পত্রিকায় বিজ্ঞাপন, লিফলেট ,স্টান্ডি, প্যানা সাইন ইত্যাদি) | |
| ১১. | সমন্বয় সভায় তথ্যাদি উপস্থাপন। | মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য কেডিএ'র বিভিন্ন শাখা হতে যেসকল বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তত করা হয় সে গুলিতে অনেক ক্ষেত্রে কার্যক্রম বাস্তবায়নের তারিখ উল্লেখ না থাকায় সুনির্দিষ্ট তথ্য প্রদান ব্যহত হয় বিধায় এখন থেকে প্রত্যেক শাখা/প্রকল্প বাস্তবায়ন প্রতিবেদন/প্রমাণক তারিখসহ প্রস্তত করে দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | সকল শাখা প্রধান/ প্রকল্প পরিচালক/ নির্বাহী প্রকৌশলী ( প্রঃ) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাবৃন্দ |
| ১২. | অগ্রগতি প্রতিবেদন দাখিল | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ প্রতি কোয়ার্টার সমাপ্তির ৫ (পাঁচ) দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা রয়েছে। উক্ত অগ্রগতি প্রতিবেদন যথাযথ প্রমাণকসহ যথাসময়ে ( কোয়ার্টার সমাপ্তির সাথে সাথে) নৈতিকতা কমিটির নিকট প্রেরণ না করায় অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ বিঘ্নিত হয় এবং বস্তনিষ্ঠ প্রমাণক না থাকায় মন্ত্রণালয়ের ফিডব্যাক সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তাদেরকে বিব্রত হতে হয়। ইহাতে কেডিএ'র ভাবমূর্তি ক্ষুন্ন হয়।এখন থেকে প্রতিটি কার্যক্রমের বিপরীতে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/ শাখা প্রধান কোয়ার্টার সমাপ্তির পরদিনই উপযুক্ত প্রমাণকসহ অগ্রগতি প্রতিবেদন নৈতিকতা কমিটির নিকট আবশ্যিকভাবে প্রেরণ করবেন মর্মে সভাপতি মহোদয়সিদ্ধান্ত প্রদান করেন। | প্রকল্প পরিচালকবৃন্দ ও সকল শাখা প্রধান |

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬/০৬/২০২১

ব্রিগেডিয়ার জেনারেল এস এম মিরাজুল ইসলাম, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান
কেডিএ, খুলনা
ও সভাপতি
শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি।

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা ।

পরিশিষ্ট- "ক"

## ১৩/০৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার হাজিরা

স্থানঃ কেডিএ সম্মেলন কক্ষ

সময়ঃ ০২.৩০ মিঃ

| ক্রঃনং | নাম ও পদবী | স্বাক্ষর | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১। | বীর মুক্তিযোদ্ধা আবুল কালাম আজাদ<br>সদস্য (এস্টেট), কেডিএ , খুলনা ও সদস্য ,নৈতিকতা কমিটি | ১৩/৩/২৩ | ০১৭১২ ০১৮৮-২৬ |
| ০২। | সচিব, কেডিএ , খুলনা ও<br>সদস্য ,নৈতিকতা কমিটি | ১৩/৩/২৩ | 0171259712 69 |
| ০৩। | জনাব শামীম জেহাদ<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী ( অঃ দাঃ), কেডিএ, খুলনা ও সদস্য ,নৈতিকতা কমিটি | | ০১৭১৭১৫২৫০৮ |
| ০৪। | জনাব এম এম হোসেন আলী<br>অর্থ ও হিসাব রক্ষণ অফিসার , কেডিএ, খুলনা ও সদস্য ,নৈতিকতা কমিটি | | ০১৭১১৭৮২৭২৮ |
| ০৫। | জনাব মোঃ মামুনুল আবেদীন,<br>উপ-পরিচালক ( বাজেট ও নিরীক্ষা ) , কেডিএ, খুলনা এবং সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা | ১৩/০৩/২৩ | ০১৭১১৩০৮৫৫২ |
| ০৬। | জনাব মোরতোজা আল মামুন<br>নির্বাহী প্রকৌশলী ( প্রকল্প) ( অঃ দাঃ), কেডিএ , ও খুলনা সদস্য ,নৈতিকতা কমিটি | ১৩/৩/২৩ | ০১৭২০২০০২৫০ |
| ০৭। | জনাব মুনতাসির মামুন.<br>নির্বাহী প্রকৌশলী ( রঃবেঃ)( চঃ দাঃ)কেডিএ , খুলনা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ,নৈতিকতা কমিটি | Muntasir Mamun 13/03/23 | 01818407919 |
| ০৮। | জনাব মোঃ নাজমুল হুদা<br>সহকারী পরিচালক (প্রশাসন) , কেডিএ , খুলনা ও সদস্য ,নৈতিকতা কমিটি | ১৩/৩/২৩ | 01918-610898 |